

Prime Minister's meeting with the Prime Minister of Australia on the sidelines of G-20 Summit in Bali

November 16, 2022

বালিতে জি-২০ শিখর সম্মেলনের পাশাপাশি অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রী মোদীর বৈঠক

নভেম্বর 16, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বালিতে জি-২০ শিখর সম্মেলনের পাশাপাশি, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানেসের সঙ্গে সাক্ষাৎ করেন।

2. উভয় নেতা দুই দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব বৃদ্ধি ও সম্পর্কের উন্নতি হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে নিয়মিত উচ্চ পর্যায়ের আলোচনার বিষয়টিতেও সন্তোষ প্রকাশ করেন তাঁরা। প্রতিরক্ষা বাণিজ্য, শিক্ষা, স্বচ্ছ জ্বালানী, মানুষে মানুষে যোগাযোগ বৃদ্ধি সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও মজবুত করার বিষয়টিও পর্যালোচনা করেন তাঁরা। শিক্ষা, বিশেষ করে উচ্চ শিক্ষা, বৃত্তি শিক্ষা এবং প্রশিক্ষণ ও ক্ষমতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় উভয় নেতার মধ্যে।

3. ভারত ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীদ্বয় পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা বিষয়ে মতবিনিময় করেন। ভারত – প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের শান্তি, সুস্থিতি এবং ভারতের সভাপতিত্বে জি-২০ চলাকালীন সময়ে জলবায়ু সংক্রান্ত বিষয় নিয়েও কথা বলেন তাঁরা।

4. প্রধানমন্ত্রী শ্রী মোদী যত শীঘ্র সম্ভব অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী আলবআ-কে ভারত সফরে আসার আমন্ত্রণ জানান।

বালি

নভেম্বর 16, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.